

ভিডিওতে ধান সিদ্ধ করার উদ্ভাবনীমূলক পদ্ধতি

ইমপ্যাক্ট
স্টাডি

৩

জাগরণীমূলক উদ্ভাবনী

যারা ধাতুর তৈরি পাত্রের মতো নতুন সরঞ্জাম ব্যবহার করতে চায়, কিন্তু সামর্থ্য নেই, তারা আঞ্চলিক উপাদান ব্যবহার করার উপায় উদ্ভাবন করতে পারে। প্রশ্ন হলো, প্রচলিত সম্প্রসারণ বা ভিডিও কাজে লাগিয়ে উদ্ভাবনী শক্তি জাগিয়ে তোলার সর্বোচ্চ উপায় কী?

ভিডিও বনাম কর্মশালা

বাপ্পের সাহায্যে ধান সিদ্ধ করার পদ্ধতি পশ্চিম-আফ্রিকাতে প্রচলিত। এই ধান উচ্চমূল্যে বিক্রি হয়, যা স্থানীয় নারীদের অতিরিক্ত অর্থ উপার্জনের সুযোগ করে দেয়। পাত্রে ধান সিদ্ধ করার প্রচলিত পদ্ধতিতে পাত্রের নিচের দিকের ধানগুলো প্রয়োজনের চেয়ে বেশি সিদ্ধ হয়ে যায়। পরে সেই ধানগুলো মাটিতে শুকাতে হয় এবং তখন পাথর মিশে ধানগুলো গুণগত মান হারায়।

বেনিনের এনজিওগুলো ধান সিদ্ধ করার উন্নত পদ্ধতির উপর দুই দিনের একটি কর্মশালার প্রস্তাব উপহার দেয়। যেখানে নিচের দিকে ছিদ্রযুক্ত একটি ধাতুর পাত্রে ধান রেখে তা একটি ফুটন্ত পানির পাত্রের উপরে এমন ভাবে রাখা হয়, যেন ধানগুলোতে পানির ছোঁয়া না লাগে। অন্যদিকে নারীদের একটি দল ধান সিদ্ধ করার পদ্ধতির উপর একটি ভিডিও দেখে।

পরে গবেষকদল সেন্ট্রাল বেনিনের ২০টি গ্রামের ১৭টি নারীদের ২০০ জন সদস্যের সাক্ষাৎকার নেয়, যার মধ্যে চারটি 'কন্ট্রোল গ্রাম'ও [control villages] ছিল। দেখা যায়, কর্মশালার চেয়ে ভিডিও দেখার মাধ্যমেই জাগরণীমূলক উদ্ভাবনী বেশি কাজে লেগেছে। কর্মশালায় অংশগ্রহণকারী নারীদের মধ্যে ৫৮% এনজিও দ্বারা সরবরাহ করা সরঞ্জাম গ্রহণ করে, কিন্তু তাদের মাত্র ১৯% নতুন উদ্ভাবনী কাজে লাগাতে পারে। অন্যদিকে ভিডিও দেখেছে এমন নারীদের ৬৭% সহজলভ্য আঞ্চলিক উপকরণ ব্যবহার করে ফুটন্ত পানির ছোঁয়া বাঁচিয়ে ধান সিদ্ধ করার উপায় বের করতে সক্ষম হয়।

তবে ভিডিও এবং কর্মশালা একত্রে একটি শক্তিশালী উপায়। প্রায় ৯২% নারী, যারা ভিডিও দেখেছে এবং কর্মশালায়ও অংশগ্রহণ করেছে তারা ধান সিদ্ধ করার সৃজনশীল পদ্ধতি উদ্ভাবন করতে পেরেছে। তবে ৯০% নারী যারা ভিডিও দেখেছে তারা তাদের ধান সিদ্ধ করার পদ্ধতি আরও উন্নত করতে পেরেছে। যেমন, ময়লা বাছা, বারবার ধোয়া এবং সেগুলোকে তেরপলের উপর শুকাতে দেওয়া ইত্যাদি।

যেসব নারী ভিডিও দেখেছে, তারা ধান সিদ্ধ করার পদ্ধতির অন্যান্য দিকও ভালোভাবে আয়ত্ত করতে পেরেছে। যেমন, এমন ধরনের চুলা ব্যবহার করা যাতে জ্বালানি হিসেবে কাঠের ব্যবহার কম হয় এবং তারা তাদের আঞ্চলিক এনজিওগুলোর কাছে সেরকম চুলা তৈরি করার প্রশিক্ষণও দাবি করেছে।

উপসংহার

জাগরণীমূলক উদ্ভাবনীর ক্ষেত্রে দুই দিনের হাতে-কলমের প্রশিক্ষণের চেয়ে ভিডিও দেখার মাধ্যমে বেশি ফলপ্রসূ। ভিডিও মূলনীতি শেখানোর মাধ্যমে কৃষকদের জাগরণীমূলক উদ্ভাবনে এবং নতুন ধারণা গ্রহণে উদ্বীপ্ত করে।



যে-নারীরা বাপ্পের সাহায্যে ধান সিদ্ধ করার ভিডিও দেখেছে তারা ফুটন্ত পানির ছোঁয়া বাঁচিয়ে ধান সিদ্ধ করার কুশলী পদ্ধতি চালু করেছে

যোগাযোগ: পল ভ্যান মেলে | paul@agroinsight.com

নিবন্ধটি উদ্ধৃত করতে :

Zossou, E., P. Van Mele, S.D. Vodouhe, J. Wanvoeke 2009 The power of video to trigger innovation: Rice processing in central Benin. *International Journal of Agricultural Sustainability* 7(2):119-129.

 AccessAgriculture

সারসংক্ষেপ:
জেফ বেন্টলে

 AGRO insight
communicating agriculture

ছবি:
এম্পারেন্স জোসোস